গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-৬
www.bpsc.gov.bd



বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.০০০.১০৬.১১.০০১৭.২৪-২৯৩

তারিখ : ০৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "পরিদর্শক" (গ্রেড-১০) পদের পরীক্ষার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "পরিদর্শক" (গ্রেড-১০) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র		রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর সংখ্যা
পরিদর্শক (গ্রেড-১০) (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৪ বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫)	১৪.১১.২০২৬ (শনিবার) দুপুর ২:০০ টা থেকে ৩:০০ টা পর্যন্ত	১.	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা	০০০০০১-০০২২০০	২২০০
		২.	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ৩১২/৩, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা	০০২২০১-০০৪৭০০	২৫০০
		৩.	মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয়, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।	০০৪৭০১-০০৭৩০০	২৬০০
		৪.	ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা-১২০৭	০০৭৩০১-০০৯৮০০	২৫০০
		৫.	তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ, ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।	০০৯৮০১-০১২৩০০	২৫০০
		৬.	শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা	০১২৩০১-০১৪৫০০	২২০০
		৭.	শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা	০১৪৫০১-০১৬৬০০	২১০০
		৮.	আগারগাঁও তালতলা সরকারী কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরে বাংলা নগর, ঢাকা	০১৬৬০১-০১৯১০০	২৫০০
		৯.	মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর-১, ঢাকা	০১৯১০১-০২০২০০	১১০০
		১০.	হাজী আলী হোসেন স্কুল এন্ড কলেজ, মিরপুর-১৩, ঢাকা।	০২০২০১-২০০৮৭০	১৫০০
		১১.	বি এ এফ শাহীন হাজী আশ্রাফ আলী কলেজ, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল,ঢাকা	২০০৮৭১-২০১৯৭০	১১০০
		১২.	আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় ও কলেজ, শেরে বাংলা নগর, ঢাকা	২০১৯৭১-৩০১১৩৫	১২০০
		১৩.	পল্লবী সরকারি কলেজ,২৯/বি,পল্লবী,মিরপুর, ঢাকা।	৩০১১৩৬-৪০০৪৬৪	১২৫০
		১৪.	মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর,ঢাকা	৪০০৪৬৫-৪০১৬৭৪	১২০০
		১৫.	মিরপুর ডেভেলাপমেন্ট কমিটি (এম.ডি.সি.) মডেল স্কুল এন্ড কলেজ, ইনস্টিটিউট, ১২-বি পল্লবী, মিরপুর ঢাকা	৪০১৬৭৫-৭০১২৫৮	২৫৬০
		১৬.	ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা।	৭০১২৫৯-৮০০৫৭৭	১৫০০
		১৭.	গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা	৮০০৫৭৮-৮০২০৭৭	১৫০০
		১৮.	মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়।	৮০২০৭৮-৮০২৩৯২	২৪৩

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

সময়সূচি ও নির্দেশাবলি:

সময়	পরীক্ষার্থীদের করণীয়
দুপুর ১:০০ টা	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
দুপুর ১:৩০ টা	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেওয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
দুপুর ২:০০ টা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেওয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন- সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। প্রতি সেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেওয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থীগণ উত্তর প্রদান শুরু করবেন।
বিকাল ৩:০০ টা	পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১. কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা টেলিটকের ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীরা বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

২. কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা টেলিটকের ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।**

৩. প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

৪. দুপুর ১:৩০ মিনিটের পর পরীক্ষার্থীদের পরীক্ষার কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

৫. পরীক্ষার্থীদের নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কেন্দ্রে/কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।

৬. হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭. হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৯. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে কিংবা উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

১০. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের **২৯.১০.২০২৬** তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৬ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১১. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখকের ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১২. পরীক্ষার্থীদের ১০০ নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের বাছাই পরীক্ষার প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ০১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হবে। পরীক্ষার পূর্ণ সময় ০১ (এক) ঘন্টা।

১৩. পরীক্ষার্থীদেরকে বাংলা-২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২৫ এবং গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়ের ২৫ নম্বরসহ মোট ১০০ নম্বরের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ০১ (এক) ঘন্টার মধ্যে তাদেরকে ০৪টি বিষয়ের ১০০ নম্বরের OMR FORM এ উত্তর প্রদান করতে হবে।

১৪. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৫. **পরীক্ষা কেন্দ্রে যেকোনো ধরনের ইলেকট্রনিক যন্ত্র, মোবাইল ফোন, হাতঘড়ি,** সাইন্টিফিক সাক্যালকুলেটর, বই, মানিব্যাগ, **অলংকার, ক্রেডিট/ডেবিট কার্ড আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ** কানের উপর কোনো আবরণ রাখতে **পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত** সামগ্রী পাওয়া **গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত পরীক্ষার্থীদেরকে বহিস্কার করে তার বিরুদ্ধে** প্রয়োজনীয় আইনানুগ **ব্যবস্থা গ্রহণ করা হবে।**

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭/০৯/২০২৬

মো: মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[চলতি দায়িত্ব]